

যুগান্তর

জারিখ
পৃষ্ঠা ... কলাম ...

NOV 09 2002

বিনার মহাপরিচালক ৪ ঘণ্টা অবরুদ্ধ বাকবি ক্যাম্পাস হঠাৎ ফুসে উঠছে : ছাত্র বিক্ষোভ উত্তেজনা

মোঃ জাহেদুল আলম রুবেল, বাকবি থেকে

বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বিনা) মহাপরিচালক ড. এমএ হামিদ কর্মকর্তা-কর্মচারীদের প্রচণ্ড বিক্ষোভের মুখে গতকাল প্রায় চার ঘণ্টা তার কার্যালয়ে অবরুদ্ধ ছিলেন। অপরদিকে বাকবি ছাত্রদলের সভাপতি এএসএম খালিদকে নিয়ে 'বিত্রাস্তমূলক সংবাদ প্রকাশের প্রতিবাদে বৃহস্পতিবার সন্ধ্যায় ক্যাম্পাসে সাধারণ ছাত্রীরা বিক্ষোভ করে। জানা গেছে, কৃষি মন্ত্রণালয়ের একনেক ও বিনার ব্যবস্থাপনা বোর্ডকে 'ডোয়াব্লা লা করে বিনার মহাপরিচালক ড. এমএ হামিদ তার একক সিদ্ধান্তে বিনার পরিকল্পনা সেশ নিছোর অধীনে সরাসরি নিয়ে আসেন এবং সেখানে অতিরিক্ত তিনজন কর্মকর্তা নিয়োগের বিধান করে তিনজনকে নিয়োগ দেন। এই খবর পেয়ে বিনার কর্মকর্তা-কর্মচারীরা দুপুর ১টায় মহাপরিচালকের কার্যালয়কে ঘিরে বিক্ষোভ প্রদর্শন করে তাকে অবরুদ্ধ করে রাখেন। কর্মকর্তা-কর্মচারীদের ডোপের মুখে পড়ে মহাপরিচালক ড. এমএ হামিদ বিকাল ৫টায় তার নিজের জারি করা সিদ্ধান্ত সৌখিকভাবে প্রত্যাহার করে নিলে বিক্ষোভকারীরা তাদের অবরোধ ভুলে

নেয়। নাম প্রকাশে অনিচ্ছুক এক কর্মকর্তা যুগান্তরকে জানান, এই নতুন মহাপরিচালক এসেই ৯ জন কর্মচারীকে 'চাকরি থেকে অব্যাহতি দেন, এ নিয়ে কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে চাপা ফেড আগে থেকেই ছিল।

এদিকে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের জাতীয়তাবাদী ছাত্রদলের সভাপতি এএসএম খালিদকে নিয়ে বিভিন্ন জাতীয় দৈনিকে 'বিত্রাস্তমূলক সংবাদ প্রকাশ হওয়ায় বাকবি ক্যাম্পাস হঠাৎ করে ফুসে ওঠে। গতকাল সন্ধ্যায় সাধারণ ছাত্রছাত্রীরা এ নিয়ে প্রচণ্ড বিক্ষোভ করেছে। সন্ধ্যায় বিভিন্ন আবাসিক হল থেকে সাধারণ ছাত্রছাত্রীরা বিক্ষোভ মিছিল নিয়ে ছব্বারের মোড়ে মিলিত হয়। মিছিলটি পোটা ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে কামাল-রঞ্জিত মার্কেটে শেষ হয়। এ সময় এক সমাবেশে বক্তারা বলেন, ছাত্রদল সভাপতিকে নিয়ে কুচক্রী মহলের যে কোন ষড়যন্ত্র নস্যাৎ করা হবে। সমাবেশে বক্তব্য রাখেন সামসুজ্জোহা রব রালু, বোরহান উদ্দিন, গিয়াস উদ্দিন সরকার জাসিম, শেখ শাফি শাওন প্রমুখ। এ নিয়ে ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছে। অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।